দৈনিক বাংলা

তারিখ 26 JUL 1995
পৃষ্ঠা ১ কলাম ৮

# এইচএসসিতে ভর্তির তারিখ পুনঃ নির্ধারণ

ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে বিনা জরিমানায় উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তির তারিখ ৩০ সেপ্টেম্বরের পরিবর্তে ৮ অক্টোবর ১৯৯৫ পুনঃ নির্ধারণ করা হয়েছে।

১৯৯৫ সালের এসএসসি পরীক্ষার

(৪-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## এইচএসসিতে

(প্রথম পৃষ্ঠার পর)

ফলাফল প্রকাশে কিছু ভুলভ্রান্তির প্রয়োজনীয় সংশোধনী করে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নতুন নম্বরপত্র প্রদান করা শুরু হয়েছে। ইতিমধ্যে মেধা তালিকাও সংশোধন করা হয়েছে। সংশোধিত মেধা তালিকায় নতুন অন্তর্ভুক্ত ছাত্রছাত্রীরা যাতে ২৮ সেপ্টেম্বরে ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিতব্য সংবর্ধনায় অংশগ্রহণ করতে পারে তারও ব্যবস্থা করা হয়েছে। খবর তথ্য বিবরণীর।

উল্লেখ্য, এসএসসি পরীক্ষার ফলাফল সম্পর্কে বিভিন্ন পত্রপত্রিকায় যেসব সংবাদ প্রকাশিত হয়েছে তার পরিপ্রেক্ষিতে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কর্তৃপক্ষ বিষয়টি তদন্ত করেছে। তদন্তের দেখা গেছে ইংরেজী দ্বিতীয় পত্রের 'খ' সেটের নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র প্রণয়ন ও পরিশোধন স্তরে কিছু ভুলের কারণে এ অবস্থার সৃষ্টি হয়েছে। এটি কম্পিউটারের কোন ভুলের কারণে হয়নি।